

যুগান্তর

তিন বছরে সরকার ৬৫ হাজার শ্রেণীকক্ষ নির্মাণ করবে

-প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী

প্রকাশ : ১২ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



বাগেরহাট প্রতিনিধি

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান বলেছেন, সরকারের লক্ষ্য হচ্ছে- ধনী-গরিব সব শিশুর মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করা। শিশুদের জন্য ৩ বছরের মধ্যে সারা দেশে প্রাথমিক বিদ্যালয়ে ১৮ হাজার কোটি টাকা ব্যয়ে ৬৫ হাজার শ্রেণীকক্ষ নির্মাণ করবে সরকার।

রোববার দুপুরে বাগেরহাটের স্বাধীনতা উদ্যানে মা সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী এসব কথা বলেন।

জেলা প্রশাসক তপন কুমার বিশ্বাসের সভাপতিত্বে মা সমাবেশে সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ডা. মোজ্জাম্মেল হোসেন এমপি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি মীর শওকাত আলী বাদশা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের যুগ্মসচিব শেখ আতাহার হোসেন, মো. মোদাচ্ছের হোসেন, পংকজ চন্দ্র রায়, ডা. অরুণ চন্দ্র মণ্ডল, অশোক কুমার সমাদ্দার বক্তব্য রাখেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।